ব্রহ্মবাদির জানার একান্ত ইচ্ছা, বিশ্ব সৃষ্টির আদি কারণ কি? ব্রহ্ম না আর কেউ? যদি কারণ তিনিই হন, তবে কি ধরণের কারণ? নিমিত্ত হিসাবে কারণ না উপাদান কারণ?সগুণ কারণ না নির্গুণ কারণ? কালেই যখন সব কিছু লয় পায়, কাল শক্তিই যখন সব কিছুকে পরিনামের পথে ঠেলে নিয়ে যায়, তখন "কাল"ই কি জগতের কারণ? না স্বভাব? জোট বাধাঁই যার স্বাভাব ধর্ম, সেই স্বাভাব ধর্ম থেকেই কি জগতের উৎপত্তি? ভোগ্যকে ভোগ করার জন্যই কি এই বিশ্ব রচনা? অথবা নিয়তির যা ইচ্ছা? না কোন কারণই নেই? আপন খেয়াল খুশিমত পরমাণুরা আকস্মিকভাবে মিলেমিশে এই জগৎ সৃষ্টি করেছে? অথবা কোন অসীম শক্তিমান পুরুষ কোন উদ্দেশ্য নিয়ে এই জীবজগৎ সৃষ্টি করেছেন? আধুনিক বৈজ্ঞানিকদের মতই তারা প্রতিটি বিষয় বিচার বিশ্লেষনের মাধ্যমে অনুধাবন করতে করতে একসময়ে ধ্যানযোগে লক্ষে পৌঁছে গিয়ে আনন্দে বিভোর হয়ে ঘোষণা করলেন,"মায়াশক্তি"ই হ'ল সৃষ্টির মূল কারণ। কাল-স্বভাব-ইচ্ছা-জীবাত্মা সবই সেই "মায়াশক্তির" নিয়ন্ত্রনে আবদ্ধ। সেই শক্তি এক এবং অদ্বিতীয়, একই সঙ্গে সগুণ ও নির্গুণ। দ্বৈত সত্তা সে এক ও অদ্বৈত। এই উপনিষদের ঋষি আরও জানালেনঃ

নৈনমুধর্বং ন তির্যঞ্চং ন মধ্যে পরিজগ্রভৎ| ন তস্য প্রতিমা অস্তি যস্য নাম মহদযশঃ। শ্বেতাশ্বতর উপনিষদ, ৪।১৯।।

এই কূটস্থ শক্তির কোন অবয়ব বা প্রতিমা নেই, তাই কি উর্ধ্ব লোকে, কি নিম্নলোক, কি মধ্যলো্‌ক, কোথাও তাঁকে কেউ দেখতে পায় না। মহৎ যশের ও মহৎ কীর্তির মাঝে সে স্বপ্রকাশ, জ্যোতিময়। সে নি্‌রুপম।

সৃষ্টির মহাশক্তির আকর বলেই তার রূপক মা-কালী 'কাল'(তরঙ্গ দৈর্ঘ যখন শূণ্য, তখন পদার্থের ভর যা তাই শক্তি)| এই পারম্ভিক প্‌র্যায়ের নাম দেয়া যায় "কালী অধ্যায়"| এই প্‌র্যন্ত বৈদিক ও বর্ত্তমান বৈজ্ঞানিক ধারণার তফাৎ সামাণ্য। এর পরবর্তি ধাপের ব্যাপার এত স্পস্ট নয়। দু দলের মধেই দেখা দেয় অনিশ্চয়তা, অনেক কল্পনার বিন্যাস।

২)আধুনিক বৈজ্ঞানিকরা সৃষ্টির দ্বিতীয় প্‌র্যায় সম্মন্ধে বলছেন, প্রথম অবস্থায় বহু হাজার হাজার বছর অতিক্রম করার পর, যখন এই মহাশক্তি, বৈজ্ঞানিক Einstein –র সূত্র $E= MC^2$ অনুসারে [যেখানে E= energy (শক্তি ), m = mass (পদার্থের ওজন), c = speed of light ( আলোর গতি)] সামান্য কিছু পদার্থ ও এনটি পদার্থে (matter-antimatter particle pairs) রূপান্তরিত হ'ল, তখনই তারা একে অন্যকে আত্মসাদ (annihilated each other) করে আবার কিছু শক্তিতে ফিরে গেল। ঠিক সেই মুহূর্তে এই মহাশক্তি থেকে আলাদা হতে থাক'ল "Gravity force" ও শক্তিশালি "Nuclear force"| এইভাবে ক্রমাগত বহু ধাপ যাতাযাতের পর, একটা চলমান সুসাম্যের (dynamic equilibrium) ফলে কিছু শক্তি ক্ষয় হয়।কিন্তু কোন বস্তুর স্থায়ী উৎপত্তি তখনও হতে পারেনি।

খৃষ্টপুর্ব ৪০০০ সালে উপরিল্লিখিত যজুর্বেদের অন্তর্গত বৃহদারণ্যক উপনিষদে শুনি ঋষি যাজ্ঞবল্ক্যকেও ঠিক একিরকম কথা ব'লতেঃ

নৈবেহ কিংচনাগ্র আসীৎ মৃত্যুনৈব ইদম্‌ আবৃতমাসীৎ। অশনায়য়া অশনায়া হি মৃত্যুঃ। তৎ

মনোহকুরুত আত্মন্বী স্যামিতি। সোর্হচন অচরৎ। অস্যার্চত অপোহজায়ন্ত| বৃহদারণ্যক উপনিষদ, ১।২।১।।

বিশ্ব সৃষ্টির প্রথমে সৎ বা অসৎ (*matter nor non-matter, neither being nor non-being*) কিছু ছিল না, যা ছিল তা আবৃত ছিল মৃত্যুর দ্বারা, সেই মৃত্যু ছিল 'অশনায়য়া' রূপে- প্রচন্ড ক্ষুধার তান্ডব দাহ নিয়ে, সব কিছুকে গ্রাস করার তিব্র আকষণ *(black hole!)* নিয়ে। সেই 'অশনায়য়া' মৃত্যু সংকল্প করলেন, আমি আত্মন্বী হ'ব অথাৎ অবয়য়যুক্ত হ'ব। তিনি সেই সংকল্পে স্থির থেকে চতুর্দিক বিচরণ ক'রে বেড়াতে লাগলেন নিজেই নিজকে অর্চনা করতে করতে (বলা চলে কি যে আদ্যাশক্তি কিছু শক্তি রিলিজ করায় সৃষ্টি কিছুটা সময় পেল!)| তার এই আত্ম অর্চনা থেকে জন্ম নিল অর্ক|

আবার অর্থব বেদের প্রশ্নোপনিষদে ঋষি পিপ্পলাদ শিষ্য কবন্ধীর প্রশ্নের উত্তরে ব'লছেনঃ

প্রজাকামো বৈ প্রজাপতিঃ স তপো্‌ত্প্যত স তপস্তপতা স মিথুনমুৎপাদয়তে- রয়িং চ প্রাণং চৈতি-এতৌ মে বহুধা প্রজাঃ করিষ্যত ইতি। প্রশ্নোপনিষদ,১।৪।।প্রজাপতি সৃষ্টি কামনায় তপস্যা করে সংকল্প ক'রলেন। তার এই একমুখী তপস্যার ফলে

অচঞ্চল মন আর প্রবল বাসনা থেকে তিনি একটি মিথুন সৃষ্টি করলেন I যার ফলে একটি কোষের মধ্যে দুটি বিপরীত গুণময় শক্তি (positive and negative) আপনা আপনি বেরিয়ে এল৷ এই যমজের একটির নাম রয়ি অপরটি প্রাণ৷ সৃষ্টিকর্তা ভাবলেন এদের মিলনেই ধীরে ধীরে বিশ্বে সবকিছু গড়ে উ'ঠবে৷ চিন্তা করা শহজ মা-কালী তখন সর্ব গ্রাসী এক উত্তেজনায় চঞ্চল, সব কিছু তাঁর লেলিহান জিহ্বা দিয়ে হু হু করে খেয়ে চলেছেন, মা আমদের মুন্ড মালিনী৷ আদিতে তাই তিনি আদ্যাকালী-অদিতি৷

সৃষ্টির এই পাক-সৃষ্টি পর্যায়ের নাম দেয়া যেতে পারে "অদিতি" বা "শিব-লিঙ্গ" অধ্যায়I তখনও
কোন কিছুর স্থায়ী অস্তিত্ব হয়নি কিন্তু হবার জন্য উন্মূখ৷

৩)আধুনিক বৈজ্ঞানিকরা সৃষ্টির তৃতীয় পর্যায় সম্বন্ধে বলছেন, কোন অজানা কারণে সৃষ্টির এই ভারসাম্য নষ্ট হয় এবং তার ফলে পদার্থ (matter), এনটি পদার্থে(antimatter) থেকে একটু বেশী হয়৷এই সামান্য বৈশম্যের ফল কিন্তু বিরাট তাৎপর্য্যপূর্ন এবং সুদূর প্রসারিI যখন সেই কেন্দ্রভূত ফোটনপুঞ্জের তাপমাত্র ক্রমাগত ক'মতে থাকে, পদার্থ ও এনটি পদার্থেরর (matter-antimatter particle pairs) সতস্ফুর্ত রূপান্তর আর সম্ভব হয় না, তখন প্রতি বিলিয়ন কেন্দ্রভূত ফোটনের জন্য, একটি পদার্থ অণু বেশী থেকে যায়, যাঁর সাথে কোন এনটি-পদার্থ(antimatter) জড়িত থাকছে না৷ স্বাধীন ইলকট্রনগুলির গতি তখন অপেক্ষাকৃত স্থথ হয়ে আসে এবং সহজ হয় ঘুরন্ত নিয়ক্লি দ্বারা আকর্ষিত হতে, যার ফলসরূপ জন্ম হয় হাইড্রোজেন(Hydrogen), হিলিয়াম (Helium) এবং লিথিয়াম (Lithium) অণু, যা সৃষ্ট পদার্থের মধ্যে সবচেয়ে হালকা৷ সেই সঙ্গে শক্তির তাপ অনেকটা ক'মল, তার তরঙ্গ দৈর্ঘ বর্ধিত হ'ল, জন্ম হ'ল প্রথম আলোর (light)Iঝ'লসে উঠল বিশ্ব আর রেখে গেল সেই আদি চলমান স্বাধীন ফোটনগুলির স্বাক্ষর এই বিশ্বের বুকে যা আজও কসমিক মাইক্র ওয়েব পশ্চাৎছায়া ব'লে দেখা যায়৷ তারপর বিলিয়ন বিলিয়ন বছর ধরে ব্রহ্মান্ড ক্রমাগত ভাবে আরও বর্ধিত ও ঠান্ডা হয়, স্বাভাবিকভাবেই পদার্থগুলি কেন্দ্রভূত হয়ে ধীরে ধীরে সৃষ্টি করে ফেলে গ্রালাক্সি ও বহু তারা নক্ষত্র বিশিষ্ঠ আজকালের বিশ্বব্রহ্মান্ড৷ আজও কিন্তু কোন আধুনিক বৈজ্ঞানিক ব্যাখ্যা করতে পারলেন না কেন এই হঠাৎ এতবড় এক expansion হ'ল, কেনই বা এই সুন্দর ক্রম বর্ধমান ব্রহ্মান্ড অজানা কারণে সৃষ্ট হল? নানা প্রশ্ন থেকে যায়, সমাধান পাওয়া দুস্কর হয় নানা সমস্যার৷

পুরাকালে ভারতীয় ঋষি ভাবলেন এই আদ্যাশক্তি, সর্ব গ্রাসী লেলিহান কালী শ্বান্ত না হলে সৃষ্টির আরাম্ভ সম্ভব হয় না৷ তাই কি তারা কল্পনা করলেন (model) মুন্ডমালিনী আদ্যাশক্তির পদতলে শয্যায়িত শিবের, যাঁর জন্য আদ্যাশক্তি বাধ্য হ'লেন ক্ষণতরে শ্বান্ত হতে, বন্ধ করতে তাঁর এই সর্বগ্রসী লেলিহান জিহ্বা, সংবরন করতে ক্রমাগত ভক্ষণের (continuous destruction) পালাI সুযোগ পেল সৃষ্টি শুভআরম্ভের, আলো পেল তার গতিI আজও তাই বোধহয় ভারতে সর্বত্র সৃষ্টির সেই শুভমুহুর্তের প্রতিক হিসাবে কাল-কালীর পদতলে আলোকিত, ফর্সা শিবের পুজা হয়৷ অবশ্য পুরাকালের বহু জ্ঞানগর্ভ দ্বার্থবোধক প্রতিকের বা রূপকের সত্যিকারের মূলতত্ত্ব অধিকাংশ ভারতীয়রা ভূলে গেছে, বেঁচে আছে শুধু বাহ্যিক কালাচার৷

বৈদিক কালে সাংখ্যকার ঋষি কপিল যিনি Einstein এর বহুপূর্বেই (খৃষ্টপুর্ব ১০০০-৮০০সালে) বিশ্বসৃষ্টি নিয়ে বিশদ চিন্তা করেছিলেন এবং ঈশ্বর ব্যতিত একটা ব্যাখ্যা রাখেন তাঁর সাংখ্যসূত্রে, বলেছিলেনঃ

প্রকৃতিরিহ মূলকারণস্য সাংজ্ঞামাত্রম্ মূলাভাবাদমূলং মূলম্৷ সাংখ্য, ১৷৬৭

জগতের যাহা মূল উপাদান তাহার নাম প্রকৃতি৷ ইহা অনাদি, অন্তহীন (limit less) ও অব্যক্ত (latent)I সত্ব, রজঃ ও তমঃ-এই তিন গুণ বা শক্তির সাম্যাবস্থাই (dynamic equilibrium) এই অব্যক্ত প্রকৃতিI রজের স্বভাব গতি বা বল (Energy), তমের স্বভাব বাঁধা (Resistance), আর সত্ব হচ্ছে উভয়ের সামঞ্জস্য কারক (Harmony)I বিশ্বসৃষ্টি মুহুর্তে এই গুণত্রয়ের ভারসাম্য ভঙ্গ হয় এবং তারফলে বিসদৃশ পরিণামত্মক সৃষ্টি আরম্ভ হয়৷

বৈজ্ঞানিক Gamo যেমন বর্তমান micro-wave বিচ্ছূরণের মধ্যে দেখতে পেয়েছেন সৃষ্টির প্রথম পদক্ষেপের অণুরনন ঠিক তেমনি ঋগ্বেদের ঋষি সেই আদ্যাশক্তির পদধ্বনির স্পন্দন তার মনের গহনে অনুভব করেছেন, তার অপূর্ব প্রকাশ দেখিঃ

আদিৎপ্রত্নস্য রেতসো জ্যোতিঃ পশ্যন্তি বাসরম্ পরো যৎ ইধ্যতে দিবি উৎ বয়ম্ তমসঃ পরি জ্যোতিঃ পশ্যন্ত উত্তরং স্বঃ পশ্যন্ত দেবং দেবত্রা সূর্যম্ অগন্ম জ্যোতিরুত্তমমিতি, জ্যোতিরুত্তমমিতি৷ঋগ্বেদ,৮৷৬৷৩০৷৷

আদি জগৎ-বীজ, সূ্র্যালো্কের মত সর্বব্যাপী যে জ্যোতি (Pre-modal Energy) , অন্ধকারের উপরে প্রদীপ্ত সেই আদি জ্যোতি-স্ফুলিঙ্গ লহরীর কম্পন মনের গহনে অনুভব করে রমাঞ্চিত হচ্ছি।

কা্জেই দেখা যাচ্ছে, সভ্য মানুষের দুই কাল-ধারা আপত দৃষ্টিতে দুই পথে প্র্সারিত হলেও পৃথিবী প্রদক্ষিনের মত কোন এক অদেখা পরিসরে ভাষার ব্যবধান সত্বেও মিলিত হয়ে সাধারণ মনকে একই জ্ঞানালোকে প্রদিপ্ত করেছে।কোন দ'লই এখন প্য্ন্ত সম্পূর্ণ সত্যের সন্ধান দিতে পারে নি। বহু প্রশ্নে্র উত্তর আজও মেলেনি। অনেক প্রখ্যাত আধুনিক বৈজ্ঞানিকরা, যেমন ১৯১৭ সালে ডাচ্ বৈজ্ঞানিক Willem de Sitter এবং রাসিয়ান বৈজ্ঞানিক Friedmann ১৯২২-২৩ সালে, ইংরেজ বৈজ্ঞানিক Arthur S. Eddington ১৯৩০ সালে তাদের প্রকাশিত বহু তত্ত্ববহুল গবেষষণায় Einstein এর মূল ধারণার তত্ত্বগত কিছু ভূলত্রুটি দেখান। Einstein এর চিরদিন একটি ধারণার উপর অগাধ বিশ্বাস ছিল যে এই বক্ষান্ডের পরিসর সীমিত (static), কিন্তু বিখ্যাত আমেরিকান বৈজ্ঞানিক Hubble ১৯২৯ সালে প্রমান করেন যে Einstein এর এই ধারণা ভূল, বক্ষান্ড অসীম এবং সর্বদা পরিবর্ধিত হচ্ছে। অন্যান্য Hoyle প্রমুখ বৈজ্ঞানিকরা আবার সম্পূর্ণ নতুন Steady State ও String theory কথা বলছেন। বৈ্দিক ঋষিরাও নানা ধারণা নিয়ে গভীর আলোচনা করেছেন কিন্তু কেউ-ই এই “কেন” র সঠিক উত্তর খুঁজে পেয়েছিলেন বলে আপত দৃষ্টিতে মনে হয় না।

**উপসংহারঃ**

ঋগ্বেদের অন্তর্গত ঐতরেয় উপনিষদের ঋষি মহিদাস (খৃষ্টপুর্ব ৪০০০ সালে) বলছেন “তস্য অভিতপ্তস্য মুখং নিরভিদ্যত, যথাণ্ডম্। মুখাৎ বাক্; বাচোহগ্নীঃ।” – অর্থাৎ ঐকান্তিক তপস্যার ফলে অন্ডসম মুখের সৃষ্টি হ'ল।মুখ থেকে অগ্নী-অর্থাৎ অগ্নীশক্তি (Energy),এবং সেই শক্তি থেকে বিশ্বব্রহ্মান্ড। ছান্দোদ্য উপনিষদে (খৃষ্টপুর্ব ৪০০০-৩৫০০ সালে)একেই ব'লা হয়েছে “তজ্জলানীতি শান্ত উপাসীত” অর্থাৎ যা থেকে জাত, যাতে লীন এবং যার মধ্যে স্থিতি তাকে শান্ত মনে একাগ্রভাবে উপাসনা ক'রবে।সেই সূত্রেই অগ্নীকে যজ্ঞ করা, আহুতি দেওয়া, পুজা করা। আধুনিকের বৈজ্ঞানিকরা বর্তমান যুগের micro-wave বিচ্ছূরণের মধ্যে দেখতে পেয়েছেন সৃষ্টির প্রথম পদক্ষেপের অণুরনন এবং তার পিছন পিছন (back gear) যেতে যেতে পৌঁছে গেলেন প্রায় সেই “একমেবাদ্বিতীয়ম্” (singularity)কাছাকাছি। প্রায় নিকটে কীন্তু সম্পূর্ণ নিকটে যাওয়ার কয়েক সেকেন্ড আগেই স্তব্ধ হয়ে দাঁড়িয়ে গেলেন। বিজ্ঞান তাকে পৌঁছে দিতে পারে না সেই সম্পূর্ণ “Singularity”র পদপ্রান্তে। বৈ্দিক ঋষির মতই তাঁদেরও বলতে হয় “এবার মনের মননশীলনতায় ভর করে ভেবে নেও সেই “Singularity” । মানুষের বিজ্ঞানের ধরাছোঁয়ার বাহিরে আজও সেই ধারণা। তাঁরা বসে আছে কবে NASA তাদের বিলিয়ন বিলিয়ন ডলার অর্থে পাঠান যন্ত্রে্র সাহায্যে সূদুর নিহারীকা থেকে ফিরিয়ে আনবে নানা তত্ব, যা বিশ্লেষণ করে এঁরা বিশ্ববাসীকে বিশ্বাস করতে বলবে নতুন কিছু ধারণা। একে যদি আমরা নাম দি “আধুনিকের বৈজ্ঞানিক ধর্ম” তবে দেখা যাবে “বৈদিক ধর্ম” আর এর মধ্যে পার্থক খুব বেশী নয়। তফাৎ শুধু যুগের, যন্ত্র সভ্যতা বর্হির প্রকাশে, ভাষার পার্থকে। ছয় হাজার বছরেও মানুষ পার'ল না তার সঠিক উৎস খুঁজে পেতে। তবে সৃষ্টির শ্রেষ্ঠ জীব মানুষই খুঁজে উৎস। সে খোঁজা চলছে যুগ যুগ ধরে, নানা ভাবে নানা ছন্দে।

আর্শ্চ্য হতে হয় এই ভেবে যে ভারতের সেই অতীত কালে, বিশ্বসভ্যতার সেই প্রথম সময়ে, আধুনিক বৈজ্ঞানিক যন্ত্রর কোন সাহায্য ছাড়াই, নিভৃত কোন স্থানে বসে শুধূ মনের মননশীলতার জোরে কি গম্ভীর চিন্তালব্ধ জ্ঞানের ফসল ঋষিরা আমাদের জন্য রেখে গেছেন। ডাচ্ বৈজ্ঞানিক Willem de Sitter এবং রাসিয়ান বৈজ্ঞানিক Friedmann এর তত্ত্বের সঠিক মূল্যায়ন যেমন বহুদিন হয়নি কারণ তারা তাদের মাতৃভাষায় তাদের মূলতত্ত্ব বলেছিলেন। বৈজ্ঞানিক Einstein অবস্থাও হয়তঃ তেমনি হত যদি তার মূলতত্ত্ব ঐ তার মাতৃভাষা জর্মন ভাষায় আবদ্ধ থাকত। ভাগ্যবশতঃ কতিপয় ইংরেজ বৈজ্ঞানিকরা বহু কষ্ট সাধন করে তার মূল পান্ডুলিপি জার্মন থেকে ইংরাজিতে অনুবাদ করে বিশ্ববৈজ্ঞানিক আসরে সেকালে পৌছে দিয়েছিলেন।যথাযোগ্য সন্মান বা স্বীকৃতি পেলেন Einstein. ঠিক তেমন ভাগ্য কিন্তু আমাদের প্রাচীন ঋষি কপিল সাংখ্যকার বা অন্যান্য প্রক্ষ্যাত ঋষিদের বেলায় হয়নি। তাদের উপলব্ধ জ্ঞান ভান্ডার তাদের মাতৃভাষা সংস্কৃত ভাষার মধ্যেই বদ্ধ হয়েই কতিপয় ভারতীয়ের মধ্যেই সীমিত থাক'ল। বিশ্ববৈজ্ঞনিক সভায় তার সঠিক মূল্যায়ন হ'ল না এবং তাঁরা তাদের যথাযোগ্য সন্মান বা স্বীকৃতি পেলেন না। মুশলমান ও ইংরেজ পরাধীনতার কালে বেদ ও উপনিষদের বহু মূল তত্ত্ব ও অনেক ধারণাই ধর্মের আবরনে আবদ্ধ থেকে বিশ্ববৈজ্ঞনিকদের অগচরেই থেকে গেল। ইংরেজ আমলে ইংরেজ প্রভাবিত ভারতীয় শিক্ষত সমাজের অনেকেই বেদ উপনিষদের এই বৈজ্ঞানিক ধারাটি তেমন লক্ষ করেন নি বা লক্ষ করলেও বিশ্ববৈজ্ঞানিক আসরে তা প্রচার করতে সচেষ্ট হন নি। দুঃক্ষের বিশয় এই যে স্বাধীনতোর ভারতেও সেদিকে কেউ তেমন চেষ্টা করেন নি।তাঁদের উপলব্ধ জ্ঞান ভান্ডার আজও অতীতের ধর্ম গহবরেই পরে আছে।

বৈদিক ও আধুনিক সকল ঋষি বৈজ্ঞানিকদের চরনে আমার সশ্রদ্ধ প্রনাম জানিয়ে এই প্রবন্ধের উপসংহার টানলাম। উপনিষদের রত্নখনিতে ছড়িয়ে আছে অমূল্য জ্ঞানভান্ডার, এই সল্প পরিসরে তার বিস্তারিত আলোচনা করার ধৃষ্টতার জন্য সুধী জ্ঞানীজনের কাছে আন্তরিক ক্ষমা চেয়ে নিলাম। ভবিষ্যতে, এই জ্ঞানগর্ভ তত্ত্ববহুল বৈ্দিক ধারণা থেকে কি পথে আমাদের দেশে ধর্ম বিবর্তিত হয়ে বর্তমানের "চাওয়া পাওয়ার" ভগবানে রূপান্তিত হয়েছে সে বিষয়ে লেখার ইচ্ছা রইল।

===============================================

## পার্ট-২

ঋগ্বেদে বলা হয়ছে " কামস্তদগ্র সমবর্ততাধি" অর্থাৎ সর্ব প্রথম কাম উপজিত হ'ল। মায়ায় মায়াতীত ব্রহ্ম মায়াবিষ্ট হলেন এবং তার ফল হিসাবে জাত হলেন হিরন্যগর্ভ ব্রহ্মা। সেই থেকে সাড়া ব্রহ্মান্ড সৃষ্টি হল। ঐতরেয় উপনিষদে ঋষি মহিদাস বলছেন 'স ঈক্ষত' অর্থাৎ তিনি "ঈক্ষন বা চিন্তা" করলেন বা "ইচ্ছা" করলেন তাই সৃষ্টি হল জগৎ। তৈত্তিরীয় উপনিষদে ঋষি "কামনা"কেই সৃষ্টির মূখ্য কারণ বলেছেন।

সোহকামায়ত বহু স্যাং প্রজায়েয়েতি।

স তপোহতপ্যত। স তপস্তপ্তবা। ইদং সবং অসৃজৎ।

যদিদং কিঞ্চ।তৃৎ সৃষ্ট্বা তদেবানুপ্রবিশৎ।তৈত্তিরীয় উপনিষদ, ২।৬।৪।।

তিনি কামনা করলেন " আমি বহু হব, আমি উৎপন্ন হব"। এক শিল্পী একাগ্র চিন্তা করতে করতে মনের গহনে যেমন সেই চিন্তার একটা ভাবমূর্তি অজান্তেই রূপ নিতে দেখেন এবং তাতে আত্মস্থ হয়ে তুলিতে অমর করে তোলে্ন চিত্রে্র পর চিত্র, ঠিক তেমনি মায়াশক্তির একাগ্র কামনায় বাস্তব হয়ে উঠ'ল বিশ্বের যা কিছু সব, সৃষ্টি হ'ল নানা পদার্থ এবং সৃষ্ট সব কিছুর মধ্যে তিনি অনুপ্রবেশ করলেন।

আবার বৃহদারণ্যক উপনিষদে শুনি ঋষি যাজ্ঞবল্ক্যক উপদেশ দিতে যে "রমন" বা "আনন্দ"ই মূখ্য কারণঃ

স বৈ নৈ্মে রেমে। তস্মাৎ একাকী ন রমতে। স দ্বিতীয়ম্ ঐচ্ছৎ। স হৈতবান্ আস যথা স্ত্রীপুমাংসৌ সংপরিষ্বক্তৌ, স ইমমমেব আত্মনং দ্বেধা অপাতয়ৎ। ততঃ পতিশ্চ পত্নী চ অভবতাং, তস্মাৎ ইদম্ অর্ধবৃগলমিব স্ব ইতি স্মাহ যাজ্ঞবল্ক্যঃ। তস্মাৎ অয়ম্ আকাশঃ স্ত্রীয়া পূ্যত এব। তাং সমভবৎ মনুষ্যা অজয়ান্ত।বৃহদারণ্যক উপনিষদ,১।৪।৩।।

তিনি একা ছিলেন বলে আনন্দ পাছিলেন না। আনন্দরস আস্বাদ করার জন্য তাই তিনি দ্বিতীয় সত্ত্বাকে ইচ্ছা করছিলেন। সেই আত্মার মধ্যেই একটি পুরুষ (positive) ও একটি স্ত্রী সত্ত্বা (negative) ছিল সমালিঙ্গিত – একে অন্যকে জড়িয়ে। যখন আনন্দরস আস্বাদনের ইচ্ছা হল, তখনি তিনি নিজেকে দুই ভাগে বিভক্ত করলেন। বিভক্ত দুই সত্তা হ'ল পুরুষ আর স্ত্রী –পতি আর পত্নী। এই কারনেই যাজ্ঞবল্ক্য বলেছিলেন অর্ধবৃগলের মত দুটি বিদল নিয়ে, গোটা একটি ডালের মতই আমাদের স্থূল শরীর স্ত্রী-পুরুষ সমালিঙ্গিত।রসময় আত্মা পুরুষ ও স্ত্রীরুপে নিজেকে অভিব্যক্ত করে সৃষ্টি লীলায় মেতে উঠলেন।সেই পুরুষ স্ত্রীর সঙ্গে উপগত হলেন, তা থেকেই উৎপত্তি হল মানুষের।

আর একটি কারণের উল্লেখ দেখি শ্বেতাশ্বতর উপনিষদে যেখানে ঋষি বলছেন মহাশক্তি "ঐন্দ্রজালিক" (magic)। সেই শক্তির সাধারণ প্রকাশই সৃষ্টিঃ

য এক জালাবান ঈশত ঈশনীভিঃ সর্বাল্লোঁকানীশত ঈশনীভিঃ। য এবৈক উদ্ভবে সম্ভবে চ; য এতদ্বিদুরমৃতাস্তেভবন্তি। শ্বেতাশ্বতর উপনিষদ, ৩।১।।

অনন্ত শক্তিতে শক্তিমান তিনি, মহা মায়াবী, তিনি অঘটন ঘটনপটীয়সী ও ঐন্দ্রজালিক। অতুললনীয় ইন্দ্রজাল বুনে, সেই জালে ফেলে তিনি সকল'কে নিপুন হাতে শাসন করেন। এই মায়া যখন প্রত্যক (subjective)তখন স্থূল এই বিশ্ব-প্রতক্ষ, আর যখন পরাক (objective) তখন সুপ্ত। স্থূল ( patent) ও সুপ্ত (latent)- একের মধ্যে দুই রূপে তিনি অপরূপ।

এই উপনিষদেই আর একটি কারণের উল্লেখ দেখি যেখানে ঋষি বলছেন "বৈচিত্র্য" আনার জন্যই সৃষ্টিঃ

য একোহবর্ণো বহুধা শক্তিযোগাদ্ বর্ণাননেকান্ নিহাতার্থো দধাতি। বি চৈতি চান্তে বিশ্বমাদৌ স দেবঃ স নো বুদ্ধ্যা শুভয়া সংযুনক্তু। শ্বেতাশ্বতর উপনিষদ, ৪।১।।

সৃষ্টির আদিতে কোন বর্ণভেদ ছিল না।বহু বিচিত্র বর্ণ নিয়ে তিনি ছিলেন একবর্ণ,অখন্ড একটি সত্তা। সৃষ্টিকালে মায়াশক্তির সাহায্যে বহু হলেন-সৃষ্টি করলেন নানা বর্ণের। কেন করলেন ? সৃষ্টির মধ্যে বৈচিত্র্য (diversity) আনার জন্য। আর বৈচিত্র, এই সৃষ্টি এবং স্থিতির মধ্যে যেমন তিনি সংগোপনে থেকে গেলেন, আবার প্রলয় কালেও সব কিছুকে লয় করে নেন নিজের মধ্যে। আবার সৃষ্টির উষায় তিনিই হন উচ্ছ্বসিত। বিজ্ঞানময় আত্মাকে জানার জন্য ঈশ্বর আমাদের সুবুদ্ধি দিন।

বৈ্দিক ঋষিরা "ঈক্ষন", "চিন্তা", "ইচ্ছা", "কামনা", "রমন", "শক্তি প্রকাশ", "বৈচিত্র্য" ইত্যাদিকেই কারণ বলেছেন; তাঁরা নানা প্রতিক, গল্প কাহিনী, রূপক এবং দ্বার্থক ভাষার সাহায্য আপ্রাণ চেষ্টা করেছেন তাদের গভীর অধ্যবসার অভিজ্ঞতালব্ধ জ্ঞান পরবর্তী প্রজন্মের হাতে পার্ট-২

ঋগ্বেদে বলা হয়ছে “ কামস্তদগ্র সমবর্ততাধি” অর্থাৎ সর্ব প্রথম কাম উপজিত হ’ল। মায়ায় মায়াতীত ব্রহ্ম মায়াবিষ্ট হলেন এবং তার ফল হিসাবে জাত হলেন হিরন্যগর্ভ ব্রহ্মা। সেই থেকে সাড়া ব্রহ্মান্ড সৃষ্টি হল। ঐতরেয় উপনিষদে ঋষি মহিদাস বলছেন ‘স ঈক্ষত’ অর্থাৎ তিনি “ঈক্ষন বা চিন্তা” করলেন বা “ইচ্ছা” করলেন তাই সৃষ্টি হল জগৎ। তৈত্তিরীয় উপনিষদে ঋষি “কামনা”কেই সৃষ্টির মূখ্য কারণ বলেছেন।

সোহকাময়ত বহু স্যাং প্রজায়েয়েতি।

স তপোহতপ্যত। স তপস্তপ্তবা। ইদং সবং অসৃজৎ।

যদিদং কিঞ্চ।ত্বৎ সৃষ্ট্বা তদেবানুপ্রবিশৎ।তৈত্তিরীয় উপনিষদ, ২।৬।৪।।

তিনি কামনা করলেন “ আমি বহু হব, আমি উৎপন্ন হব”।  এক শিল্পী একাগ্র চিন্তা করতে করতে মনের গহনে যেমন সেই চিন্তার একটা ভাবমূর্তি অজান্তেই রূপ নিতে দেখেন এবং তাতে আত্মস্থ হয়ে তুলিতে অমর করে তোল্েন চিত্র্রের পর চিত্র, ঠিক তেমনি মায়াশক্তির একাগ্র কামনায় বাস্তব হয়ে উঠ’ল বিশ্বের যা কিছু সব, সৃষ্টি হ’ল নানা পদার্থ এবং সৃষ্ট সব কিছুর মধ্যে তিনি অনুপ্রবেশ করলেন।

আবার বৃহদারণ্যক উপনিষদে শুনি ঋষি যাজ্ঞবল্ক্যক উপদেশ দিতে যে “রমন” বা “আনন্দ”ই মূখ্য কারণঃ

স বৈ নৈ্মে রেমে। তস্মাৎ একাকী ন রমতে। স দ্বিতীয়ম্ ঐচ্ছৎ। স হৈতবান্ আস যথা স্ত্রীপুমাংসৌ সংপরিষ্বক্তৌ, স ইমমমেব আত্মনং দ্বেধা অপাতয়ৎ। ততঃ পতিশ্চ পত্নী চ অভবতাং, তস্মাৎ ইদম্ অর্ধবৃগলমিব স্ব ইতি স্মাহ যাজ্ঞবল্ক্যঃ। তস্মাৎ অয়ম্ আকাশঃ স্ত্রীয়া পূ্যত এব। তাং সমভবৎ মনুষ্যা অজয়ান্ত।বৃহদারণ্যক উপনিষদ,১।৪।৩।।

তিনি একা ছিলেন বলে আনন্দ পাছিলেন না। আনন্দরস আস্বাদ করার জন্য তাই তিনি দ্বিতীয় সত্ত্বাকে ইচ্ছা করছিলেন। সেই আত্মার মধ্যেই একটি পুরুষ (positive) ও একটি স্ত্রী সত্ত্বা (negative) ছিল সমালিঙ্গিত – একে অন্যকে জড়িয়ে। যখন আনন্দরস আস্বাদনের ইচ্ছা হল, তখনি তিনি নিজেকে দুই ভাগে বিভক্ত করলেন। বিভক্ত দুই সত্তা হ’ল পুরুষ আর স্ত্রী –পতি আর পত্নী। এই কারনেই যাজ্ঞবল্ক্য বলেছিলেন অর্ধবৃগলের মত দুটি বিদল নিয়ে, গোটা একটি ডালের মতই আমাদের স্থূল শরীর স্ত্রী-পুরুষ সমালিঙ্গিত।রসময় আত্মা পুরুষ ও স্ত্রীরুপে নিজেকে অভিব্যক্ত করে সৃষ্টি লীলায় মেতে উঠলেন।সেই পুরুষ স্ত্রীর সঙ্গে উপগত হলেন, তা থেকেই উৎপত্তি হল মানুষের।

আর একটি কারণের উল্লেখ দেখি শ্বেতাশ্বতর উপনিষদে যেখানে ঋষি বলছেন মহাশক্তি “ঐন্দ্রজালিক” (magic)। সেই শক্তির সাধারণ প্রকাশই সৃষ্টিঃ

য এক জালাবান ঈশত ঈশনীভিঃ সর্বাল্লোঁকানীশত ঈশনীভিঃ। য এবৈক উদ্ভবে সম্ভবে চ; য এতদ্বিদুরমৃতাস্তেভবন্তি। শ্বেতাশ্বতর উপনিষদ, ৩।১।।

অনন্ত শক্তিতে শক্তিমান তিনি, মহা মায়াবী, তিনি অঘটন ঘটনপটীয়সী ও ঐন্দ্রজালিক। অতুললনীয় ইন্দ্রজাল বুনে, সেই জালে ফেলে তিনি সকল’কে নিপুন হাতে শাসন করেন। এই মায়া যখন প্রত্যক (subjective)তখন স্থূল এই বিশ্ব-প্রতক্ষ, আর যখন পরাক (objective) তখন সুপ্ত। স্থূল ( patent) ও সুপ্ত (latent)- একের মধ্যে দুই রূপে তিনি অপরূপ।

এই উপনিষদেই আর একটি কারণের উল্লেখ দেখি যেখানে ঋষি বলছেন “বৈচিত্র্য” আনার জন্যই সৃষ্টিঃ

য একোহবর্ণো বহুধা শক্তিযোগাদ্ বর্ণাননেকান্ নিহাতার্থো দধাতি। বি চৈতি চান্তে বিশ্বমাদৌ স দেবঃ স নো বুদ্ধ্যা শুভয়া সংযুনক্তু। শ্বেতাশ্বতর উপনিষদ, ৪।১।।

সৃষ্টির আদিতে কোন বর্ণভেদ ছিল না।বহু বিচিত্র বর্ণ নিয়ে তিনি ছিলেন একবর্ণ,অখন্ড একটি সত্তা। সৃষ্টিকালে মায়াশক্তির সাহায্যে বহু হলেন-সৃষ্টি করলেন নানা বর্ণের। কেন করলেন ? সৃষ্টির মধ্যে বৈচিত্র্য (diversity) আনার জন্য। আর বৈচিত্র, এই সৃষ্টি এবং স্থিতির মধ্যে যেমন তিনি সংগোপনে থেকে গেলেন, আবার প্রলয় কালেও সব কিছুকে লয় করে নেন নিজের মধ্যে। আবার সৃষ্টির উষায় তিনিই হন উচ্ছ্বসিত। বিজ্ঞানময় আত্মাকে জানার জন্য ঈশ্বর আমাদের সুবুদ্ধি দিন।

বৈ্দিক ঋষিরা “ঈক্ষন”, “চিন্তা”, “ইচ্ছা”, “কামনা”, “রমন”, “শক্তি প্রকাশ”, “বৈচিত্র্য” ইত্যাদিকেই কারণ বলেছেন; তাঁরা নানা প্রতিক, গল্প কাহিনী, রূপক এবং দ্বার্থক ভাষার সাহায্য আপ্রাণ চেষ্টা করেছেন তাদের গভীর অধ্যবসার অভিজ্ঞতালব্ধ জ্ঞান পরবর্তী প্রজন্মের হাতে তুলে দিতে।সীমিত জ্ঞানের আলোয় বুঝতে পারা যায় না, এই প্রতিক, রূপক ও নানা আখ্যায়িকার এবং দ্বার্থক ভাষার গভীর গহণে লুকিয়ে আছে কিনা তাদের অনুভূতিগ্রহ্য কোন গুহ্য ধারণা? তাঁরা জানাতেন ভাব যেখানে গভীর, সেই ভাব প্রকাশ করতে ভাষা কত অক্ষম। গুহ্য ধারণা ভাষায় প্রকাশ করা কি যে কঠিন কর্ম। হয়ত অনুভব করেছিলেন, সম্পূর্ণ সত্য যে কি তা মানুষের পক্ষে জানা কঠিন। সেজন্য ঈশোপনিষদে ঋষি ঘোষণা করেছেনঃ

হিরন্ময়েন পাত্রেন সত্যস্যোপুহিতং মুখম্ (ঈশোপনিষদ/৭)।

হিরন্ময় পাত্রের দ্বারা অর্থাৎ জ্যোতির আবরনে সত্যের মুখ ঢাকা। মানুষ প্রায়সঃ বাহ্যিক দিকে আকৃষ্ঠ হয়ে আপাত সত্যের গভী্রে প্রবেশ ক’রতে পারে না। সত্যের সেই আবরন মোচন করা সহজ নয়। উপনিষদের যুগে শিষ্যরা উত্তরের সন্ধানে সদ্ গুরুর কাছে সমিধ নিয়ে গিয়ে দাঁড়াতেন। তিনি যোগ্য শিষ্যকে যথাসাধ্য তাদের অনুভূতিলব্ধ জ্ঞান প্রকাশ করেছেন কিন্তু তখনই তাদের “সঠিক তা নয়” বলে সর্তক করে দিয়েছেন। যা অবক্ত বা ভাষায় প্রকাশ করতে পারেন নি তা তিনি শিষ্য-কে নিজের অধ্যবষায় ও আত্মঅনুভূতির সাহায্যে সম্পূর্ণ করে বুঝে নিতে উপদেশ দিয়েছেন। উপদেশ

দিয়েছেন নিজের মননশীলনতার উপর ভর করে একলা তার নিজ তপস্যায় অগ্রসর হতে। আজও সারা বিশ্বের কৃতি ছাত্ররা সেই কারণেই বিজ্ঞ বৈজ্ঞানিকদের ছায়াতলে অক্সফোর্ড, কেমব্রিজ, প্রিন্সটোন বা হাবার্ডে পড়ার জন্য উৎগ্রীব। ভাল গুরু না পেলে কৃতি ছাত্রের পক্ষেও কষ্টকর হয় দুরুহ বিষয়ের জ্ঞান অজ্জর্ন করতে। শ্বেতাশ্বতর ঋষি তার উপনিষদের শেষ মন্ত্রে বলছেনঃ

যস্য দেবে পরাভক্তির্যথা দেবে তথা গুরৌ। তস্যৈতে কথিতা হ্যর্থাঃ প্রকাশন্তে মহাত্মনঃ-প্রকাশন্তে মহাত্মন। শ্বেতাশ্বতর উপনিষদ, ৬।২৩।।

যার মহাশক্তির প্রতি পরমভক্তি, ঠিক তদরুপ শ্রদ্ধা ভক্তি গুরুর প্রতিও, তার কাছেই শুধূ কথিত অর্থ সঠিক ভাবে প্রকশিত হয়।তুলে দিতে।সীমিত জ্ঞানের আলোয় বুঝতে পারা যায় না, এই প্রতিক, রূপক ও নানা আখ্যায়িকার এবং দ্বার্থক ভাষার গভীর গহণে লুকিয়ে আছে কিনা তাদের অনুভূতিগ্রহ্য কোন গুহ্য ধারণা? তাঁরা জানাতেন ভাব যেখানে গভীর, সেই ভাব প্রকাশ করতে ভাষা কত অক্ষম। গুহ্য ধারণা ভাষায় প্রকাশ করা কি যে কঠিন কর্ম। হয়ত অনুভব করেছিলেন, সম্পূর্ণ সত্য যে কি তা মানুষের পক্ষে জানা কঠিন। সেজন্য ঈশোপনিষদে ঋষি ঘোষণা করেছেনঃ

হিরন্ময়েন পাত্রেন সত্যস্যোপুহিতং মুখম্ (ঈশোপনিষদ/৭)।

হিরন্ময় পাত্রের দ্বারা অর্থাৎ জ্যোতির আবরনে সত্যের মুখ ঢাকা। মানুষ প্রায়সঃ বাহ্যিক দিকে আকৃষ্ঠ হয়ে আপাত সত্যের গভী্রে প্রবেশ ক'রতে পারে না। সত্যের সেই আবরন মোচন করা সহজ নয়। উপনিষদের যুগে শিষ্যরা উত্তরের সন্ধানে সদ্ গুরুর কাছে সমিধ নিয়ে গিয়ে দাঁড়াতেন। তিনি যোগ্য শিষ্যকে যথাসাধ্য তাদের অনুভূতিলব্ধ জ্ঞান প্রকাশ করেছেন কিন্তু তখনই তাদের "সঠিক তা নয়" বলে সর্তক করে দিয়েছেন। যা অবক্ত বা ভাষায় প্রকাশ করতে পারেন নি তা তিনি শিষ্য-কে নিজের অধ্যবষায় ও আত্মঅনুভূতির সাহায্যে সম্পূর্ণ করে বুঝে নিতে উপদেশ দিয়েছেন। উপদেশ দিয়েছেন নিজের মননশীলনতার উপর ভর করে একলা তার নিজ তপস্যায় অগ্রসর হতে। আজও সারা বিশ্বের কৃতি ছাত্ররা সেই কারণেই বিজ্ঞ বৈজ্ঞানিকদের ছায়াতলে অক্সফোর্ড, কেমব্রিজ, প্রিন্সটোন বা হাবার্ডে পড়ার জন্য উৎগ্রীব। ভাল গুরু না পেলে কৃতি ছাত্রের পক্ষেও কষ্টকর হয় দুরুহ বিষয়ের জ্ঞান অজ্জর্ন করতে। শ্বেতাশ্বতর ঋষি তার উপনিষদের শেষ মন্ত্রে বলছেনঃ

যস্য দেবে পরাভক্তির্যথা দেবে তথা গুরৌ। তস্যৈতে কথিতা হ্যর্থাঃ প্রকাশন্তে মহাত্মনঃ-প্রকাশন্তে মহাত্মন। শ্বেতাশ্বতর উপনিষদ, ৬।২৩।।

যার মহাশক্তির প্রতি পরমভক্তি, ঠিক তদরুপ শ্রদ্ধা ভক্তি গুরুর প্রতিও, তার কাছেই শুধূ কথিত অর্থ সঠিক ভাবে প্রকশিত হয়।

অনেক দিন ধরেই আমার লেখাগুলি বই আকারে প্রকাশ করার উৎসাহ ও প্রেরণা দিয়েছে আমার স্ত্রী শ্রীবনানী দাশগুপ্তা, দুই কন্যা ডঃ অনুস্কা দাশগুপ্তা ও শ্রীমতি সুরূপা দাশগুপ্তা এবং একমাত্র পুত্র ডাঃ অরিজিৎ দাশগুপ্ত। তাদের জন্যই বিশেষ করে এ লেখা কোনমতে সম্ভব হয়েছে।আমি ওদের সকলের আছে কৃতজ্ঞ এবং তা স্পষ্ট করে স্বীকার না করলে সত্যি অন্যায় হবে। বিদেশে অনেক প্রবাসী বন্ধুরা আমায় বর বার লেখার জন্য উৎসাহ ও প্রেরণা দিয়েছে, তাদের সকলের নাম স্বল্প পরিসরে উল্লেখ করা অসম্ভব, তাই সকলকে জানাই আমার আন্তরিক কৃতজ্ঞতা।

পরিশেষে, আমি আমার প্রকাশক দি ইনডিয়ান প্রেস লিমিটেড এর কর্ণধার মিঃ রবি ঘোষ ও তার সহকর্মী, মিঃ অজয় সেনগুপ্ত সাহায্য ও সহযোগীতা কৃতজ্ঞচিত্তে স্বীকার করছি, তাদের সহযোগীতা ছাড়া এই বই প্রকাশ করা সম্ভব হত না।

ডঃ সমীর দাশগুপ্ত, চিকাগো - আমেরিকা



## মধ্যবিত্ত দুঃখেরা (পর্ব -১ 'পুরুষ')

কোনো এক ধুসর বিকেল
যুবকটি হতাশ ফিকে,
সিগারেট অসহ্য আজ
অশ্রাব্য সুর পাখোয়াজ।
আজ তার সত্যি বিদায়
নহবত সানাই জানায়।

না চাওয়া প্রতিশ্রুতি
চিঠির ঐ স্তব ও স্তুতি,
আড়ালের গোপন ছোঁয়া
উভয়েরই হৃদয় খোয়া,
সে শুধুই মন ভোলানো!
হিসেব কি যায় মেলানো?

যেন সব পান্থপ্রদীপ
করে যায় অতীত জরিপ,
বাড়িতেও বাক্য বারিষ
সারাদিন কী যে করিস!
যেন খালি এমনি বসে
বেকার আজ নিজের দোষে!

গিয়ে বসে রেল স্টেশনে
নিরালায় আপন মনে,
পরপর ট্রেন চলে যায়
ঐ বুঝি মালা বদলায়!
ঐ বুঝি শুভ দৃষ্টি?
চোখ ভ'রে নামে বৃষ্টি।

সে প্লাবন শুকিয়ে গেলে
ঝেড়ে ওঠে সামলে ছেলে,
"মেরা কুছ সামান" যত
জ্বালিয়ে জুড়োয় ক্ষত;
ক্ষত কী এমনি জুড়ায়!
অহরহ স্মৃতিই কুড়ায়।

ক্রমে ক্রমে সব কবিতা
হারিয়ে গেল সবই তার,
হিসেবি, আজ সে ছেলে
রাশভারি, অফিস গেলে
ঘাড় গুজে কাজ ক'রে যায়,
যেতে হবে শিখর চুড়ায়।

শুধু খালি শ্রাবণ এলে
ভেজা মনে কান্না পেলে,
চশমার ঝাপসা কাঁচে
পোড়ে সে আপন আঁচে,
তারপর বর্ষাতি গায়ে
ঘরে ফিরে যায় ধীর পায়ে।

**প্রসেনজিৎ মজুমদার,**
**বিলাসপুর**

## মধ্যবিত্ত দুঃখেরা (পর্ব -২ 'নারী')

শীতের এক সন্ধ্যাবেলায়
চন্দনে সাজিয়ে আমায়,
যেন এক বলির পাঁঠা
সাজগোজ মুকুট কাঁটার,
আর কিছু পরেই বিয়ে
আপদকে বিদায় দিয়ে,
দায়ভার মুক্ত সবাই
জানেইনি কী আমি চাই!

বেনারসী রজনীগন্ধা
অসহ্য আজ এ সন্ধ্যা,
একছিল স্বপ্ন যুবক
প্রেম তার অসীম ধ্রুবক,
কতবার কাতর ডাকে
বলেছি নাও আমাকে,
হতাশায় দিনটা কাটায়
ব্রিগেডে গলাই ফাটায়।

চাকরীর এপ্লিকেশন
দেয় খালি ফ্রাস্টেশন,
অবশেষে ব্যর্থ হয়ে
একদিন দেয় জানিয়ে,
শেষ করো অপেক্ষা দিন
জীবনের অংক কঠিন,
ভুলে যাও স্বপ্ন যতো
বাঁচো তুমি নিজের মতো।

পরিবারে ছিলাম বোঝা
চলছিল পাত্র খোঁজা;
জানলাম বয়স পাকা
সোনার আর আংটি বাঁকা!
আসলেতে যা দরকারি
চাকুরী স্থায়ী সরকারি,
সুতরাং বিয়ে বন্ধন
আপোসের জীবন যাপন।
অভ্যাসে আজ দিন যায়
জীবনের বহমানতায়,
হিসাবের গুন ও ভাগে
আজ আমায় প্রাপ্ত লাগে।
আজ আমি ঘোর ঘরণী
তবু ঘুরি স্মৃতি সরনি,
জানিনা কোথায় থাকে
কার কোলে স্বপ্ন আঁকে!

শুধু যদি একলা ঘরে
কান্নায় দু চোখ ভরে,
হু হু করে বুকটা পোড়ে
বাধভাঙে জলের তোড়ে,
প্রার্থনা ঈশ্বরকেই
সে যেন থাকে সুখেই,
ক্রমে রাত ভোর হয়ে যায়
ফিরি সেই গড্ডালিকায়।

**প্রসেনজিৎ মজুমদার,**
**বিলাসপুর**

## শহর টোকিও, শীতকাল

পাঁচতলার কাঁচের জান্‌লা দিয়ে
যতদূর দেখা যায়
শুধুই বসতি, দিগন্ত নিঁখোঁজ।
ব্যস্ত জনপদ, মানুষের সদর্প গৌরব।

সারি সারি বাড়ি; হলুদ সবুজ কালো
নীল সব ছাদ, আর লোহার রেলিং।
রাস্তায় গাড়ীর সারি, আর বিজলীবাতির স্তম্ভ,
ব্যবসায়ী মানুষের অবিরাম আনাগোনা।

গাছ কই? আর পাখি?
পাখি বলতে শুধুই সরব কাক?
লোভের তাগিদে নির্বিচার সর্বভূক।
সভ্যতার অজস্র সম্ভার সাজিয়ে
শহর টোকিও ঘোষণা করছে
আধুনিক, ধনিক জাপানের জয় জয়কার।

বৌদ্ধ, শিন্তো মন্দির? পুরাতন, চিরন্তন সম্পদ?
তারাও আছে এখানে-সেখানে – প্রায় লুকিয়ে,
যেন মুখচোরা, পিছিয়ে-পড়া, বয়স্ক সহযাত্রীর মত।
স্নেহ পায় সভ্যতার, হতো বা শ্রদ্ধাও।
বিশেষত বৎসরান্তের এই ছুটির মরসুমে।

আবার তাকাই বাইরে, প্রকৃতির, সবুজের, প্রত্যাশায়।
আত্ম-সমর্পিত গাছগুলো শীতে পত্রহীন, যেন মৃত।
ঘাসেরাও বরফের নীচে, যেন মরে বেঁচেছে।
কি হবে হংস-মধ্যে-বকের মত বিসদৃশ হয়ে!

হঠাৎ চোখ পড়ে নড়ে-ওঠা মরা গাছের ডালে।
অবাক কান্ড – একটা ছোট পাখি – নীল আর সবুজে মেশানো।
দুটো ডাল যেখানে মিশেছে সেখানে ছোট্ট গর্তে
জড়ো করছে মুখে করে বয়ে-আনা খড়কুটো
বাঁধছে বাসা সযত্ন নৈপুণ্যে, নিঃশব্দে একটু একটু করে।
তার মনে কি বসন্তের স্বপ্ন? আর অজানা প্রেয়সীর?
সে কি গ্রাহ্য করে না মানুষের এত কীর্তি, এত দম্ভকে?
যেমন করেন নি বুদ্ধ, যেমন করে না প্রকৃতি।

**প্রফেসর শ্রীকান্ত চট্টোপাধ্যায়, নিউজিলান্ড**





## Cricket and Me

This piece is me indulging in cricket nostalgia. I have participated in other sports, but none of them have held parallels with real life like cricket does for me. Read on if you agree.

Cricket was ever present at home. Baba was a semi-professional cricketer and played for the club Milan Samity for more than twenty years. I understand that had he made the move to East Bengal or Mohun Bagan he might have gone on to represent Bengal. But that's another story. I was 8 when he took me along to Maidan to watch one of his matches. Baba scored 99 and a certain 19 year old called Sourav Ganguly, playing for Rajasthan club, scored 99 too. I do not remember who won that match as I slept through the entire match. Lesson: Be aware of what is going on around you at all times. You might be witnessing history!

About eight years later I was one of the thousands of kids who were making their way to the Maidan on Saturdays and Sundays to a cricket coaching center to learn the sport that had given us Bangalis our true national hero after Subhash Bose. I was lucky to call Raja Mukherjee and Barun Barman my coaches. For the uninitiated, the former used to open the innings with Sunil Gavaskar for the Indian School team and the latter was one of those who missed out on playing for India because he did not play for the right state in Ranji Trophy. I remember proudly how Raja Sir complemented me once on a leave when I closely watched a delivery from a fast bowler and let it go after accounting for the extra bounce and late inswing. Barun Sir once commented that I had a beautiful bowling action. You see at that stage I wanted to be a Test match opener who would bat all day and could bowl a tight line. I did not care much about scoring runs or taking wickets. It is no wonder therefore that after all these years no one else besides me would talk about my cricket 'achievements'. Lesson: Have real goals and then go for them full tilt. Do not do it otherwise.

I stopped playing cricket altogether when preparing for the ISC examinations. Later on I picked it up again at Jadavpur University, opening the batting for the Chemistry department in 12 over tennis ball tournaments. So I did get to open the batting after all but note I had stopped bowling by now altogether. Once I batted the entire 12 overs and hit a six off the last ball to tie a match. When I described the match to Baba later on that evening, he exclaimed, "You scored 36 after batting all of 12 overs!" Lesson: Don't exult before a proper evaluation of the events.

After a gap of a few years, I started cricket again in the most unlikely of places: Basel, Switzerland. I was suddenly in a team that had players from Pakistan, Sri Lanka, South Africa, England, New Zealand, Australia and of course India. No one cared much about the outcomes of the matches as long as we could get to play the game. And suddenly I was enjoying playing cricket again, like I had enjoyed it when playing with my childhood friend Bhaswar at Santosh Mitra Square in Sealdah. The highlight of my Swiss cricket experience came on April 1$^{st}$ 2011. We were chasing exactly 300 to win in a 40 over match against Geneva. I was witness to the most outrageous show of batting that I had ever seen live and that too from the non-striker's end. One of our openers, Zaheer, scored an astounding 200 that day to win us the game. I went in to bat at number 6 and remained not out, scoring 60 not out of the 190 runs in the partnership with Zaheer. Earlier, unleashing off spinners that did not spin, I had bowled the only maiden of the match. The next day we watched India lift the World Cup at a pub in Basel. Lesson: Who cares if you are actually good? If you love it keep doing it, at least you will have memories to write about.


**Dr. Satrajit Chakrabarty, Switzerland**

# FRIENDS WE HAVE LOST IN 2020

*IN OUR HEARTS YOU WILL ALWAYS STAY LOVED AND REMEMBERED AS YOU WERE*

*THE MEMORIES WE HAVE WILL LAST FOREVER*

Dr. Sisir Saha



Mrs Dipika Saha



Mrs Sikha Moitra





Dr Gurupada Kundu

Dr Swapan Sengupta

The Forgotten People (2019) and A String of Pearls (2016), two popular books by a British Indian author – Swapna Das

Available from Amazon, Waterstones and WH Smith.




Durga Puja Greetings from:

Swapna, Sunil, Dilip and Prabhat Das

Chester